দৈনিক সংবাদ

তারিখ ... [illegible]
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... [illegible]

# মাধ্যমিক পরীক্ষা সংস্কার টাস্ক ফোর্সের বৈঠক অনুষ্ঠিত

গতকাল সোমবার শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদের সভাপতিত্বে তার মন্ত্রণালয়ে মাধ্যমিক পরীক্ষা সংস্কার টাস্ক ফোর্সের বৈঠক অনুষ্ঠিত হয়। খবর বাসস'র।

মন্ত্রী পরিবর্তনশীল প্রয়োজনের সঙ্গে খাপ খাওয়ানোর জন্য মাধ্যমিক পর্যায়ে পরীক্ষা পদ্ধতি পুনর্বিন্যাস করার জরুরী প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন।

টাস্কফোর্স ১৯৮৩ সালে পরীক্ষা

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## মাধ্যমিক পরীক্ষা

(১ম পাতার পর)

পদ্ধতি সম্পর্কে ব্যাপক সমীক্ষা চালায়। শিক্ষা গবেষণা ইনষ্টিটিউটের (আইইআর) সাবেক পরিচালক ডঃ মাজহারুল ইসলাম টাস্ক ফোর্সের নেতৃত্ব দেন।

বৈঠকে টাস্কফোর্সের রিপোর্ট বিবেচনা করে সিদ্ধান্ত নেয়া হয় যে, ১৯৮৯ সালের জানুয়ারী থেকে অষ্টম শ্রেণী হতে শুরু করে প্রচলিত পরীক্ষা পদ্ধতির স্থলে আরো বিজ্ঞানসম্মত পদ্ধতি চালু করা হবে। এ উদ্দেশ্যে প্রচলিত বর্ণনামূলক প্রশ্নের পাশাপাশি সংক্ষিপ্ত প্রশ্নও প্রবর্তন করা হবে।

সংশোধিত নতুন কাঠামো ১৯৯২ সালের এসএসসি পরীক্ষার ক্ষেত্রে সম্প্রসারণ করা হবে।

বৈঠকে ঐ সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্দেশ্যে একটি কর্ম পরিকল্পনা প্রণয়ন করার জন্য টাস্ক ফোর্সকে নির্দেশ দেয়া হয়।